গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬.১১১৫ তারিখ: ২৫ আষাঢ় ১৪২৪/ ৯ জুলাই ২০১৭

**বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ে ২০১৬-১৭ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আখতার হোসেন ভূইয়া<br>ভারপ্রাপ্ত সচিব |
| তারিখ | : | ২১ জুন ২০১৭ |
| সময় | : | সকাল ১০:৩০ মি: |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত হল।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল সঠিকভাবে বাস্তবায়নের জন্য অন্যান্য কাজের পাশাপাশি ই-ফাইলিং ও ই-টেন্ডারিং এর উপর গুরুত্ব দেয়া প্রয়োজন। ইতোমধ্যে মন্ত্রণালয় এ দুটি কাজ শুরু করেছে। তিনি দপ্তর/সংস্থাকে জরুরি ভিত্তিতে শুরুর আহবান জানান। এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের আওতাধীন কিছু কিছু দপ্তর/সংস্থা ই-ফাইলিং ও ই-টেন্ডারিং এর কাজ চালু করেছে। সভাপতি বলেন, দাপ্তরিক যোগাযোগ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল অফিসে ইউনিকোড ফন্ট ব্যবহার করা প্রয়োজন। তিনি বলেন, এবার প্রথমবারের মত জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নীতিমালার আওতায় তিনজন কর্মচারীকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার চর্চাকে উৎসাহ প্রদানের লক্ষ্যে এ পুরস্কার প্রদান করা হচ্ছে। এ বিষয়ে সদস্যগণ উল্লেখ করেন যে, যে সকল কর্মচারীকে এ পুরস্কার প্রদান করা হয়েছে তাদের কর্ম ও উত্তমচর্চা আইএসপিআর এর মাধ্যমে প্রচার করা যেতে পারে। তাছাড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটেও তাদের নাম ও ছবি আপলোড করা যেতে পারে।

২.০ জাতীয় শুদ্ধাচার কৌশল সমাজের সকল স্তরে সঠিকভাবে বাস্তবায়ন করতে হলে এর শুরু হওয়া প্রয়োজন পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে। আমাদের কোমলমতি শিশুদের এ চর্চার আওতায় আনা প্রয়োজন। জীবনের শুরু থেকে এ ধরনের চর্চায় অভ্যস্থ হলে তা কর্ম জীবনেও প্রতিফলিত হবে। সভাপতি বলেন, আমাদের অনেক দপ্তর/সংস্থার অধীনে শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে তারা এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে পারে।

৩.০ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ইতোমধ্যে কয়েকটি উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন করেছে এবং সেবা পদ্ধতি সহজিকরণে কার্যকর ভূমিকা গ্রহন করছে। বাংলাদেশ বিমান বাহিনীর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় শুদ্ধাচারের আলোকে নীতিবাক্য ও আদর্শ জীবন গঠনে করণীয় ইত্যাদি বিষয়ে শিক্ষা কার্যক্রম শুরু করেছে। বাংলাদেশ সেনাবাহিনী সকল স্তরের সৈনিক ও কর্মকর্তাদের জন্য নৈতিকতা ও মূল্যবোধের ভালো ও খারাপের বিভিন্ন দিক উল্লেখপূর্বক একটি ভিডিও ক্লিপ তৈরির উদ্যোগ গ্রহণ করেছে। তাছাড়া সেনাবাহিনীর নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধাচারের আলোকে বিভিন্ন কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত বিভিন্ন উদ্যোগ গ্রহণ করায় বর্ণিত দপ্তর/সংস্থাকে সভায় বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৪.০ সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্থবায়নের লক্ষে প্রণীত ২০১৬-১৭ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ৪র্থ কোয়ার্টারের জন্য যে সকল বিষয় অন্তর্ভূক্ত ছিল সেগুলোর বেশিরভাগ বাস্তবায়ন করা হয়েছে। এর মধ্যে আইন/ বিধি প্রণয়ন ও সংস্কার কার্যক্রমে তিনটি আইন অন্তর্ভূক্ত ছিল। কিন্তু আইন গুলোর কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি। তবে অন্য ২টি আইন সম্পন্ন হয়েছে যা কর্ম পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে। আডিট কমিটি গঠন যথাযথ না হওয়ায় এ কমিটির নির্ধারিত সভা আয়োজন করা সম্ভব হয়নি এবং মন্ত্রণালয়ে কর্মচারী নিয়োগ যথাসময়ে সম্পন্ন না হওয়ায় নবনিযুক্ত কর্মচারীদের on job প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।

৫.০ সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এটি পর্যালোচনা করে মতামত/সুপারিশ প্রদান করা হলে সে অনুযায়ী সংশোধন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, খসড়া কর্ম পরিকল্পনাটি সভায় উপস্থাপন করা হয়।

৬.০ ২০১৭-১৮ অর্থ বছর থেকে প্রতিটি দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক নিজস্ব কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তা ১৩ জুলাই ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে অবস্থিত কার্যালয়ের জন্যেও নির্ধারিত ছকে কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে, যা স্বস্ব দপ্তর/সংস্থা পর্যালোচনা ও মনিটরিং করবে।

৭.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৭.১ মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি অনুমোদন করা হল;

৭.২ মন্ত্রিপরিষদ বিভাগের মতামত ও সুপারিশের আলোকে মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম পরিকল্পনা সংশোধনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

৭.৩ প্রতিটি দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক ১৩ জুলাই ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৭.৪ জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের নাম, ছবি, কর্ম এবং তাদের উত্তম চর্চা ওয়েব সাইটে আপলোড করতে হবে এবং আইএসপিআর তা প্রচার করবে;

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাঃ/-
৫.৭.২০১৭

(আখতার হোসেন ভূইয়া)
ভারপ্রাপ্ত সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬.১১১৫ তারিখ: ২৫ আষাঢ় ১৪২৪/ ৯ জুলাই ১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

(১) সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা